গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০৪৯.২৩/১১৬ তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.।

**বিষয়: চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনারের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ঢাকা আইসিডির পরিবর্তে কন্টেইনারসমূহ নৌ-রুটে পানগাঁও প্রেরণ/চট্টগ্রাম বন্দর হতে ডেলিভারি প্রদানের জন্য নির্দেশনা প্রদান।**

সূত্র: চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পত্র নং- ডিটি/আইসিডি/কন্টেইনার/প্রেরণ/১৯২/৫০৭, তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিকল্প ব্যবস্থা হিসেবে কন্টেইনারসমূহ নৌ-রুটে পানগাঁও প্রেরণ/চট্টগ্রাম বন্দর হতে ডেলিভারী গ্রহণের অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানিয়েছেন। সে প্রেক্ষিতে উল্লিখিত কন্টেইনার জট নিরসনের উদ্দেশ্যে এবং পণ্য সরবরাহ ব্যবস্থা নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টমস হাউস, আইসিডি কমলাপুর এর মাধ্যমে শুল্কায়ন ও খালাসের উদ্দেশ্যে আনীত পণ্যচালানসমূহ কাস্টমস হাউস, পানগাঁও এর আওতাধীন পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্টমস হাউস, চট্টগ্রাম এর আওতাধীন চট্টগ্রাম বন্দরের মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কাস্টমস হাউস, পানগাঁও ও কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষকে শুল্কায়ন ও খালাস কার্যক্রম সম্পন্নের অনুমতি প্রদান করা হলো; যথা:-

<u>শর্ত</u>

(১) সকল ক্ষেত্রে কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৮ অনুযায়ী এক্ষেত্রে যানবাহন এবং কার্গো ঘোষণা সংশোধন করতে হবে;

(২) পানগাঁও বন্দরের মাধ্যমে পণ্যচালান খালাসের ক্ষেত্রে:

(ক) আমদানিকারকগণ অথবা তাদের পক্ষে সিএন্ডএফ এজেন্ট সংশ্লিষ্ট শিপিং লাইনকে আমদানিতব্য কন্টেইনারের তালিকা প্রদান করে নদীপথে পানগাঁও বন্দরে আনয়নের অনুরোধ করবে এবং প্রয়োজনীয় সহায়তার জন্য প্রণীত তালিকার একটি অনুলিপি সংশ্লিষ্ট কমিশনারদের সরবরাহ করবে;

(খ) চট্টগ্রাম বন্দর হতে আলোচ্য পণ্যচালান বা কন্টেইনার শুধুমাত্র জলপথে পরিবহন করে পানগাঁও বন্দরে আনয়ন করতে হবে;

(গ) পানগাঁও আইসিটি কর্তৃপক্ষ এ জাতীয় পণ্যচালানসমূহ পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনালের অভ্যন্তরে শুল্কায়ন, পরীক্ষণ ও খালাস কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থাদি নিশ্চিত করবেন;

(ঘ) আইসিটি, পানগাঁও এ আগমনের পর হতে পণ্যছাড় পর্যন্ত পণ্যচালানসমূহের নিরাপত্তা আইসিটি, পানগাঁও কর্তৃপক্ষ নিশ্চিত করবে;

(ঙ) আইসিটি, পানগাঁও, এ প্রক্রিয়ায় খালাসকৃত পণ্যচালানের বিস্তারিত তথ্য মাসিক ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে;

(৩) পরিবহন সমস্যার কারণে সৃষ্ট কন্টেইনারের জট হ্রাস করার উদ্দেশ্যে সম্পূর্ণ সাময়িক ব্যবস্থা হিসেবে এ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং

(৪) ভিন্নতর নির্দেশনা প্রদান করা না হলে এ আদেশ জারীর তারিখ হতে ০২ বছর পর্যন্ত তা বলবৎ থাকবে।

সংযুক্তি: বর্ণনামতে ...০২....... পাতা।

১৭/০২/২৫
মুকিতুল হাসান
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১-০৩। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম/ আইসিডি, কমলাপুর/পানগাঁও।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম।

০২-০৪। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/বেনাপোল/মোংলা।

০৫-১৬। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/যশোর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৭। পি এ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

—৩১৩—

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (ট্রাফিক) এর দপ্তর
বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ

ফোনঃ ০৩১-২৫১০৮৭৮
ফোনঃ ২৫২২২০০-২৯
পিএবিএক্স-২০৭১
email: dtcpa@cpa.gov.bd
www.cpa.gov.bd

নথি নং-ডিটি/আইসিডি/কন্টেইনার/প্রেরণ/১৯২/৫০৭ তারিখ-১৮/০২/২০২৫ ইং।

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন, প্লট-এফ-১/এ, আগারগাঁও,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

**বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পরবর্তী ৩ (তিন) বছর ঢাকা আইসিডির পরিবর্তে কন্টেইনারসমূহ নৌ-রুটে পানগাঁও প্রেরণ/চট্টগ্রাম বন্দর হতে ডেলিভারী প্রদানের জন্য গেজেট সংশোধন প্রসঙ্গে।**

১। উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে ঢাকা আইসিডিগামী আমদানী কন্টেইনার এর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে কিন্তু তার বিপরীতে বাংলাদেশ রেলওয়ে পর্যাপ্ত ট্রেন (ওয়াগন এবং ইঞ্জিন) সরবরাহ করতে পারছে না। ফলে আসন্ন রমজানের নিত্যপন্য সহ অন্যান্য জরুরী আমদানী পণ্যবাহী কন্টেইনার চট্টগ্রাম বন্দরের ইয়ার্ডে স্তূপীকৃত হয়ে পড়েছে। অদ্য ১৮/০২/২০২৫ইং তারিখে এরূপ কন্টেইনারের সংখ্যা ১,৬৫৬ TEUs এবং প্রতিদিন গড়ে আরো ২০০-২৫০ TEUs কন্টেইনার জাহাজ হতে অবতরণ করছে।

২। উল্লেখ্য, এরূপ কন্টেইনার এর পণ্যের সরবরাহ অবিঘ্নিত রাখার স্বার্থে বিকল্প ব্যবস্থা হিসেবে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল ব্যবহার করা যেতে পারে। ইতিপূর্বেও এ ধরনের সমস্যার উদ্ভব হওয়ার পরিপ্রেক্ষিতে বিকল্প ব্যবস্থা হিসেবে পানগাঁও অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল ব্যবহার করে ঢাকা আইসিডিগামী কন্টেইনার পরিবহন অবিঘ্নিত রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে গত ১৫/০৩/২০২০ ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এসআরও নং- ৬৪/২০২০/কাস্টমস অনুযায়ী Customs Act 1969 (Act No. IV of 1969) এর সেকশন ৯ ও ১০ সংশোধনের মাধ্যমে আমদানীকারকগণ অথবা তাদের পক্ষে সিএন্ডএফ এজেন্ট সংশ্লিষ্ট শিপিং লাইনকে আমদানীতব্য কন্টেইনারের তালিকা প্রদান করে নদীপথে জাহাজযোগে পানগাঁও বন্দরে আনায়নের লক্ষ্যে প্রজ্ঞাপন জারি করা হয়েছিল। এছাড়া, গত ২২-০৮-২০২৪ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরিপত্র জারীর মাধ্যমে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সমূহ আমদানীকারকের অভিপ্রায় অনুসারে কাস্টম হাউস, চট্টগ্রাম/কাস্টম হাউস, পানগাঁও/কাস্টম হাউস, আইসিডি এর যে কোন বন্দর হতে পণ্য চালান খালাস করার সিদ্ধান্ত প্রদান করা হয়।

৩। পরিস্থিতি পর্যালোচানান্তে এবং বাংলাদেশ রেলওয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে প্রতীয়মান হয় যে, উদ্ভূত ট্রেন সংকটের সমস্যা সহসাই সমাধানের সম্ভাবনা নেই। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে একইভাবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গেজেট সংশোধনের মাধ্যমে ন্যূনতম ০৩ (তিন) বছর ব্যাপী ঢাকা আইসিডিগামী কন্টেইনার পানগাঁও প্রেরণের ব্যবস্থা নেওয়া হলে/চট্টগ্রাম বন্দর হতে ডেলিভারী প্রদানের ব্যবস্থা করা সম্ভব হলে আমদানী/রপ্তানী কার্যক্রম অবিঘ্নিত থাকার পাশাপাশি চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডের কন্টেইনারের সংখ্যা হ্রাস পাবে এবং আইসিডি অপারেশনে গতিশীলতা আসবে।

৪। এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দরের আইসিডি ইয়ার্ডে ঢাকা আইসিডিগামী কন্টেইনার সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পরবর্তী ০৩ (তিন) বছর পূর্বের ন্যায় আইসিডিগামী কন্টেইনার সমূহ ঢাকা আইসিডির পরিবর্তে নৌ-রুটে পানগাঁও প্রেরণ এর সুযোগ প্রদান/চট্টগ্রাম বন্দর হতে ডেলিভারী প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

১। সদস্য, (শুল্ক ও নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, রাজস্ব ভবন, প্লট-এফ-১/এ, সেগুনবাগিচা, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। কমিশনার অব কাস্টমস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। কমিশনার অব কাস্টমস, পানগাঁও কাস্টম হাউস, পানগাঁও এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। পিএসটু সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-মাননীয় সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৬। ডেপুটি ট্রাফিক ম্যানেজার, আইসিডি, কমলাপুর, ঢাকা এর অবগতির জন্য দেয়া গেল।
৭। টার্মিনাল ম্যানেজার, পানগাঁও এর অবগতির জন্য দেয়া গেল।
৮। সভাপতি, ঢাকা কাস্টম এজেন্ট এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০ এর অবগতির জন্য দেয়া গেল।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন, চেম্বার হাউস, ৩য় তলা, ৩৮, আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম-৪১০০।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন, প্লট ৭৬/এ, ৫ম তলা, রোড-১১, ব্লক-এম, বনানী, ঢাকা-১২১৩ এর অবগতির জন্য দেয়া গেল।

সচিব
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
ফোন নং-০২-৩৩৩৩৩০৮৬৯

Scanned with CamScanner